কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৭.২১- ১৫২

তারিখঃ ২২/০৩/২০২১ খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের মার্চ/২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত মার্চ/২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্যব্যবস্থার অনুরোধসহ এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ২৮ মার্চ, ২০২১ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশিক্ষণ ও সমন্বয় শাখায়** (সফটকপি adtc@dam.gov.bd মেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২/৩/২১

(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৫৫০২৮৩৯১
e-mail: chakladerbau@gmail.com

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

.......................................................................

.......................................................................

.......................................................................

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

## কৃষি বিপণন অধিদপ্তরের মার্চ, ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ<br>মহাপরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর। |
| তারিখ | : | ১৫ মার্চ, ২০২১ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা |
|---|---|---|---|
| ১. | **প্রশাসন শাখা** | ১) অফিস সহায়কদের নিয়োগ বিধি সংশোধন ও ৩২টি পদ সৃষ্টির প্রস্তাব (পঁয়ত্রিশ সেট) সচিব কমিটিতে পাঠাতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ২) কৃষি বিপণন অধিদপ্তরের Composition and Cadre Rules দ্রুত সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ৩) কৃষি বিপণন ক্যাডারে যোগদানের নিমিত্ত **বয়স ও যোগ্যতা নির্ধারণ বিষয়ক বিধিমালা** দ্রুত সংশোধনে প্রয়োজনীয় পদক্ষেপ জোরদার করতে হবে এবং সার্বক্ষণিক সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ৪) নন-ক্যাডারদের সিলেকশন গ্রেড প্রদানের অবশিষ্ট কাজ দ্রুত সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ৫) টিওএন্ডটি ভূক্তির বাইরের গাড়ীগুলোকে টিওএন্ডটিভূক্ত করার জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে এবং কৃষি মন্ত্রণালয়ে এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা |
|---|---|---|---|
| | | ৬) নন-ক্যাডার কর্মচারী নিয়োগ বিধি সংশোধন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (আরইটিসি) ও আহবায়ক, নিয়োগবিধি সংশোধন কমিটি |
| | | ৭) কৃষি বিপণন আইন ২০১৮ সংশোধনের জন্য পরিচালক (গবেষণা) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে এবং কমিটি যত দ্রুত সম্ভব কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে। | সহকারী পরিচালক (সম্প্রসারণ ও নিয়ন্ত্রণ) |
| | | ৮) অপূরণকৃত পদসমূহে নতুন নিয়োগের জন্য কৃষি মন্ত্রণালয় থেকে ছাড়পত্র গ্রহণের দ্রুত পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ৯) পিএসসিতে কি কি কাজ পেন্ডিং আছে তার তালিকা করতে হবে এবং দ্রুত সম্পাদনের জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ১০) সহকারী কৃষি বিপণন কর্মকর্তা ও সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা পদে যারা যোগদান করেনি তাদের পদে এবং অন্যান্য পদে জনবল নিয়োগের জন্য Requisition কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ১১) কৃষি বিপণন অধিদপ্তরে কর্মকর্তাদের বসার জায়গা সংকুলান না হওয়ায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) কে কক্ষের জন্য অনুরোধ করে পত্র দিতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ১২) কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক পদটি গ্রেড-১ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম আরও সক্রিয় করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ১৩) কর্মকর্তা/কর্মচারীদের জন্য ID Card প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব কিশোর কুমার সাহা, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| | | ১৪) কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি লাইব্রেরী স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জনাব আব্দুল মান্নান, সহকারী পরিচালক |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা |
|---|---|---|---|
| | | ১৫) কৃষি বিপণন দিবস কবে/কিভাবে পালন করা যায় এ বিষয়ে পরিচালক(গবেষণা) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| | | ১৬) বিভাগ/জেলা অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের কর্পোরেট সীম প্রদান বিষয়ে উদ্যোগ নিতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব কিশোর কুমার সাহা, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| | | ১৭) জেলা কার্যালয়ের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সকল প্রকল্পের ফিল্ডে নিয়োগকৃত জনবলকে জেলা অফিসের সাথে সমন্বয় করে অধিদপ্তরের নিয়মিত কাজের সাথে সম্পৃক্ত করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)/উপপরিচালক (নীতি ও পরিকল্পনা)/প্রকল্প পরিচালক (ফুল বিপণন প্রকল্প)/প্রকল্প পরিচালক (এসএসিপি) |
| ২. | **গবেষণা শাখা** | ক) দেশের প্রধান প্রধান গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের চাহিদা নিরুপণের ব্যবস্থা করতে হবে এবং হালনাগাদ তথ্য সময়ে সময়ে মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে। | উপপরিচালক (গবেষণা) |
| | | খ) গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয়, মূল্য বিস্তৃতি ও জেলাওয়ারী চাহিদা নিরুপণ করে একটি প্রকাশনা করার কার্যকর পদক্ষেপ নিতে হবে। পরিচালক (গবেষণা)কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে। | উপপরিচালক (গবেষণা) |
| | | গ) তামাক, আলু ও অন্যান্য অধিক গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের জন্য আলাদা একটি প্রকাশনায় বুকলেট/বই প্রকাশের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (গবেষণা) |
| | | ঘ) ১০০ প্রযুক্তির Atlas উন্মুক্তকরণ অনুষ্ঠানে মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) এর সাথে আলোচনা করে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপপরিচালক (গবেষণা) |
| ৩. | **নীতি ও পরিকল্পনা শাখা** | ক) হারিয়ে যাওয়া কৃষিপণ্যের ও জেলাভিত্তিক উল্লেখযোগ্য কৃষিপণ্যের ব্রান্ডিং ও প্রচার বিষয়ে কর্মসূচি তৈরি করতে হবে। | উপপরিচালক (বাজার সংযোগ) ও জনাব নিখিল চন্দ্র দে, সহকারী পরিচালক |
| | | খ) বসত বাড়িতে প্রক্রিয়াজাত কৃষিপণ্য ও অপ্রচলিত কৃষিপণ্যের বিপণন সম্প্রসারণে কর্মসূচি প্রণয়ন করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা |
|---|---|---|---|
| | | গ) Zinc সমৃদ্ধ চাল, বেগুনি Rice ও সমজাতীয় অন্যান্য চাল/কৃষিপণ্যের বাজারজাতকরণ ব্যবস্থা উন্নয়নে কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | ঘ) বিলুপ্ত প্রায় পুষ্টিগুণ সম্পন্ন শাকসজি ব্রান্ডিং/বিপণন কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | ঙ) Home Gardening বিষয় যদি শুধু খরপোষ না হয়ে ব্যবসায়িক উদ্দেশ্যে হয় তাহলে উক্ত কৃষিপণ্যের বিপণন উন্নয়নে কর্মসূচি প্রণয়ন করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | চ) PKSF এর উন্নয়নকৃত ২৬টি পণ্যের ব্রান্ডিং উন্নয়নে কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | ছ) বেসরকারী প্রতিষ্ঠান Enroute Ltd. এর সাথে আলোচনা করে সম্ভাব্য গুরুত্বপূর্ণ বিষয়ে প্রকল্প/কর্মসূচি প্রণয়ন করতে হবে। | উপপরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| ৪. | আরইটিসি শাখা | ক) কৃষির সাথে সম্পৃক্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রত্যেক সপ্তাহে একটি করে Presentation নিশ্চিত করতে হবে। | আফরিন হোসেন, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| | | খ) কৃষি বিপণন বিষয়ে ভিডিও ডকুমেন্টারি তৈরীর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং পরিচালক (গবেষণা) এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন। | পরিচালক (গবেষণা) |
| | | গ) কৃষি বিপণন বিধিমালা ২০২০ এর উপর একটি Presentation আগামী সপ্তাহে উপস্থাপন করতে হবে। | সহকারী পরিচালক (সম্পসারণ ও নিয়ন্ত্রণ) |

অতঃপর, সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৭/২০২০

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd